



স্ব-উদ্যোগীদের জন্য স্বনির্ভর কর্মসূচী

শিল্প ও বাণিজ্য দপ্তর

খেজুর বাগান, আগরতলা, ত্রিপুরা।

“স্বাবলম্বন”

স্ব-উদ্যোগীদের জন্য রাজ্য সরকারের স্ব-নির্ভর কর্মসূচী প্রকল্প। সরকারী ক্ষেত্র ব্যতিরেকে রাজ্যের বেকার যুবক-যুবতীদের জন্য সরকারী অনুদানসহ ব্যাংক ঋণের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার লক্ষ্যে ‘স্বাবলম্বন’ শীর্ষক স্ব-রোজগার প্রকল্প চালু করা হয়েছে।

- ❖ **কাদের জন্য :** স্ব-রোজগারে উৎসাহ ও দায়বদ্ধতা রয়েছে এমন গুণমান সম্পন্ন বেকার যুবক-যুবতী এই প্রকল্পের সুযোগ নিতে পারেন। তপশীলি জাতি, তপশীলি উপজাতি ও অন্যান্য পশ্চাদপদ জাতি ও মহিলাদের অগ্রাধিকার দেওয়া হয়।
- ❖ **কাদের জন্য নয় :** যে সকল উদ্যোগী উক্ত প্রকল্পে সরকারী অনুদানসহ ব্যাংক ঋণের সুবিধা ইতিমধ্যে গ্রহণ করেছেন, তাদের অনুদানসহ ব্যাংক ঋণের আবেদন পুনরায় বিবেচনা করা হবে না।
- ❖ **আবেদনকারীর আবশ্যিক যোগ্যতা :** এই প্রকল্পে উদ্যোগীর বয়স, শিক্ষাগত যোগ্যতা এবং আয়ের কোন বাধ্যবাধকতা নেই।
- ❖ **যোগ্য প্রকল্পসমূহ :** কৃষি ও সহযোগী ক্ষেত্র (এর মধ্যে সরাসরি শস্য উৎপাদন কিংবা সার ক্রয় ইত্যাদি বাদে) এবং সব ধরনের অর্থনৈতিকভাবে লাভজনক প্রকল্প (উৎপাদন শিল্প/পরিষেবা/বাণিজ্য) এই প্রকল্পের আওতায় পড়ে।
- ❖ **প্রকল্পের আর্থিকসীমা :** এই প্রকল্প ব্যয়ের কোন উর্ধ্বসীমা নেই। কিন্তু প্রকল্প এমন হতে হবে যাতে ব্যাংক ঋণের জন্য উপযোগী একটি স্থায়ী এবং পর্যাপ্ত আয়ের উৎস হয়।
- ❖ **উদ্যোগীর বিনিয়োগের পরিমাণ :** উদ্যোগীকে মোট প্রকল্প ব্যয়ের কমপক্ষে ৫ শতাংশ নিজে বিনিয়োগ করতে হবে।

- ❖ **ব্যাংক ঋণের পরিমাণ :** মোট প্রকল্প ব্যায়ের ৯৫ (পঁচানব্বই শতাংশ) পর্যন্ত যে কোন বাণিজ্যিক রাষ্ট্রায়ত্ত্ব/বেসরকারী, গ্রামীণ এবং সমবায় ব্যাংক থেকে ঋণ নেওয়া যেতে পারে।
- ❖ **রাজ্য সরকারের সহায়তা :** প্রকল্পের যাবতীয় খরচের ৩০ শতাংশ হারে, সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা পর্যন্ত সরকার অনুদান বা সাবসিডি দেওয়া হয়। মহিলা উদ্যোগীদের জন্য এই হার ৩৫ শতাংশ, সর্বোচ্চ পরিমাণ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা পর্যন্ত।
- ❖ **আবেদন করার পদ্ধতি :** নির্ধারিত ফরমে নিকটবর্তী জেলা শিল্প কেন্দ্র বা সমষ্টি উন্নয়ন আধিকারিকের কার্যালয়ের শিল্প বিভাগে প্রজেক্ট (প্রকল্প) রিপোর্টসহ আবেদনপত্র জমা দিতে পারেন।
- ❖ **প্রয়োজনীয় দস্তাবেজ :** শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, প্রযুক্তিগত শিক্ষা সার্টিফিকেট, কাষ্ট সার্টিফিকেট (যদি প্রযোজ্য হয়), এলাকায় স্থায়ীভাবে বসবাস করার প্রমাণ পত্র আবেদন পত্রের সঙ্গে জমা দিতে হয়।
- ❖ **সুবিধাভোগী নির্বাচন :** সংশ্লিষ্ট জেলা শাসকের নেতৃত্বাধীন ডিস্ট্রিকটাস্ক ফোর্স কমিটি কর্তৃক সাক্ষাৎকারের ভিত্তিতে সুবিধাভোগী নির্বাচন করা হয়।
- ❖ **প্রকল্প মঞ্জুর :** প্রযুক্তিগত অর্থনৈতিকভাবে উপযুক্ততা বিবেচনার ভিত্তিতে ব্যাংকের অর্থলগ্নিকারী শাখাসমূহ প্রকল্প মঞ্জুর করে।
- ❖ **ই.ডি.পি. প্রশিক্ষণ :** এক সপ্তাহের জন্য ই.ডি.পি প্রশিক্ষণ বাধ্যতামূলক। এই প্রশিক্ষণ ব্যাংক ঋণ মঞ্জুরী করার পর নেওয়া আবশ্যিক।

বিশদ বিবরণের জন্য যোগাযোগ করুন -

জেলা শিল্প কেন্দ্র, খেজুরবাগান, আগরতলা (দূরভাষ - ০৩৮১-২৪১৮১৭০)
জেলা শিল্প কেন্দ্র, উদয়পুর (দূরভাষ - ০৩৮২১ - ২২২৪০৬)
জেলা শিল্প কেন্দ্র, আমবাসা (দূরভাষ - ০৩৮২৬ - ২৬৭২২২)
জেলা শিল্প কেন্দ্র, কৈলাশহর (দূরভাষ - ০৩৮২৮ - ২২২২৪৬)

বিস্তারিত বিবরণের জন্য নিকটস্থ সমষ্টি উন্নয়ন আধিকারিক অফিসের
শিল্প বিভাগেও যোগাযোগ করা যেতে পারে।

আবেদন পত্র www.industries.tripura.gov.in থেকেও
ডাউনলোড করে সংগ্রহ করা যেতে পারে।

শিল্প ও বাণিজ্য দপ্তর, ত্রিপুরা সরকার কর্তৃক প্রকাশিত-২০১৮